

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২১৫.২২.১৫১৩

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯

১০ অক্টোবর ২০২২


বিষয়: রিট পিটিশন নং ৯৪৪৮/২০২২-এর রুল ও আরজির আলোকে দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট পিটিশন নং ৯৪৪৮/২০২২-এর ২৩/০৮/২০২২ খ্রি. তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলার হাতীবান্ধা মৌজার ২৪৬৪নং দাগের জমি এস. এ রেকর্ডভুক্ত করে খাজনা আদায় নিয়ে স্থানীয় সরকার বিভাগ-এর সচিব মহোদয়সহ মোট চার জনকে প্রতিপক্ষ করে পিটিশনার জনাব মো: খলিলুর রহমান কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর ১০২ অনুচ্ছেদ মোতাবেক রিট পিটিশন নং ৯৪৪৮/২০২২ বুজু করা হয়েছে। বিজ্ঞ হাইকোর্ট বিভাগ শুনানি শেষে প্রতিপক্ষগণের প্রতি রুলনিশি জারি করেন। এ রিটের ২নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, টাঙ্গাইল।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৯৪৪৮/২০২২ মোকদ্দমার রুল ও আরজির আলোকে দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্রের দুই সেট সত্যায়িত কাগজপত্র এবং এ রিটের সার্টিফাইড কপি জরুরিভিত্তিতে অনধিক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে চাহিত সকল ডকিউমেন্টস্ প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্ট সকলের ওপর বর্তাবে।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (4303/potrojariAttachmentRef/31299/0/2240)



১০-১০-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারী সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২১৫.২২.১৫১৩/১(৪)

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯

১০ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ২) সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস, সখিপুর, টাঙ্গাইল
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১০-১০-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব